দৈনিক ইত্তেফাক

59

তারিখ ..25. NOV 1991 ... ...
পৃষ্ঠা... ২... ...কলাম..২...

# ইডেন কলেজে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়ী

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল রবিবার সরকারী ইডেন মহিলা কলেজ ছাত্রী সংসদের নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল মনোনীত 'হেলেন-সাইমুন' পরিষদ পূর্ণ প্যানেলে জয়লাভ করিয়াছে। নির্বাচিত ভিপি হেলেন জেরীন খান এবং জি,এস সাইমুন বেগম। কড়া পুলিশ প্রহরায় শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত হয়।

৬টি সংগঠন নির্বাচনে অংশ

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ইডেন কলেজে

(১ম পৃঃ পর)

নিলেও ছাত্রদলের মূল প্রতিদ্বন্দ্বী ছিল ছাত্রলীগ (আ-অ)। নির্বাচনে মোট ৫ হাজার ৭৪৮ ভোটারের মধ্যে ২ হাজার ১৮০ জন ভোট প্রদান করে। ছাত্রদলের প্যানেল হইতে নির্বাচিত ভিপি হেলেন পাইয়াছে ১ হাজার ৩৬২ ভোট এবং জি, এস সাইমুন পাইয়াছে ১ হাজার ১৬১ ভোট। অপরদিকে ছাত্রলীগের (আ-অ) প্যানেল হইতে ভিপি প্রার্থী রোকেয়া আক্তার রুবী ৪৯৮ এবং জি,এস প্রার্থী ফেরদৌসী বেগম ৬৬২ ভোট পাইয়াছে। সকাল ৮টা হইতে বেলা ১২টা পর্যন্ত একনাগাড়ে ভোট গ্রহণের কাজ সম্পন্ন হয়। ভোট কেন্দ্রে ফটো সাংবাদিক ছাড়া বাহিরের কাউকে ঢুকিতে দেওয়া হয় নাই। বিভিন্ন পত্রিকার সাংবাদিকবৃন্দ ভোট কেন্দ্রে ঢোকার অনুমতি চাহিলে তাহাদের সহিত পুলিশ অশোভন ব্যবহার করে।

ছাত্রী সংসদের নির্বাচিত অন্যরা হইল: নাসিমা আক্তার (এজিএস) বাশেরাতুল জান্নাত (ধর্ম ও সমাজকল্যাণ) ফারজানা আহম্মেদ রুণা (সহ ধর্ম ও সমাজ কল্যাণ) শাকিলা নাজনীন সাথী (সাহিত্য ও সাংস্কৃতিক), নিলুফা ইয়াসমীন নীলু (সহ-সাহিত্য ও সাংস্কৃতিক), শাবানা ইয়াসমিন শাবানা (ক্রীড়া), সীলভী আফেন্দ্রী (সহ-ক্রীড়া), শাহনাজ মীর্জা রীটা (মিলনায়তন), মুনিরা জাহান আইরিন কলেজ বার্ষিকী এবং সদস্যা যথাক্রমে ফাহিমা হুসাইন, ফেরদৌস আরা খানম, খন্দকার ফরহানা ইয়াসমীন, শাহীনা বেগম সীমা।

ইডেন কলেজ ছাত্রী সংসদের নির্বাচনে ছাত্রদলের প্রার্থীরা জয়লাভ করায় ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান এম, পি, ছাত্রদল ঢাকা মহানগর শাখার সভাপতি আবুল বাশার ভুঁইয়া, সাধারণ সম্পাদক নাসির উদ্দিন পিন্টু, ঢাকা কলেজ ছাত্র সংসদের ভিপি মীর শরাফৎ আলী সপু, সাধারণ সম্পাদক জাকির হোসেন পৃথক বিবৃতিতে অভিনন্দন জ্ঞাপন করিয়াছেন।